

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
টেকসই ও নবায়নযোগ্য জ্বালানি উন্নয়ন কর্তৃপক্ষ (স্রেডা)
বিদ্যুৎ বিভাগ
আইইবি ভবন (লেভেল-৯ ও ১০), রমনা, ঢাকা



স্মারক নম্বর: ২৭.০২.০০০০.০৩১.২৫.০০১.২০.২২১৯

তারিখ: ১২ আশ্বিন ১৪২৭
২৭ সেপ্টেম্বর ২০২০

বিষয়: নেট মিটারিং রুফটপ সোলার বিষয়ে প্রাইভেট সেক্টরে দক্ষ কর্মী সৃষ্টির লক্ষ্যে প্রশিক্ষণ আয়োজন

উপর্যুক্ত বিষয়ে সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্তে জানানো যাচ্ছে যে, সরকার ২৮ জুলাই ২০১৮ খ্রি. তারিখে প্রথম নেট মিটারিং নির্দেশিকা-২০১৮ প্রকাশ করেছে এবং OPEX মডেলকে অন্তর্ভুক্ত করে ১৪ নভেম্বর ২০১৯ খ্রি. তারিখে নির্দেশিকার সংশোধনী অনুমোদন করেছে। নির্দেশিকার সফটকপি পাওয়া যাবে স্রেডার ওয়েবসাইট এবং <https://solar.sreda.gov.bd> ওয়েব ঠিকানায়।

২। নেট মিটারিং গাইডলাইনে কোয়ালিটি সোলার যন্ত্রাংশ ব্যবহারের বাধ্যবাধকতা রয়েছে। একইসাথে কোয়ালিটি ডিজাইন, ইন্সটলেশন এবং ইন্সপেকশন সম্পন্ন না হলে সোলার সিস্টেম হতে আশানুরূপ ফলাফল না পাওয়ার আশংকা রয়েছে। এ উদ্দেশ্যে দেশে দক্ষ জনবল সৃষ্টির লক্ষ্যে EPC ও সংশ্লিষ্ট অন্যান্য প্রতিষ্ঠান সমূহে কর্মরত প্রকৌশলী/কর্মকর্তাদের প্রশিক্ষণ প্রদানের উদ্যোগ স্রেডা গ্রহণ করেছে। প্রশিক্ষণে অংশগ্রহণকারীদের ন্যূনতম যোগ্যতা **B.Sc in Engineering** অথবা সোলার সেক্টরে ৫ বছরের অভিজ্ঞতা সহ স্নাতক ডিগ্রি নির্ধারণ করা হয়েছে।

৩। প্রশিক্ষণ মডিউল প্রস্তুতকরণের কার্যক্রম চলছে এবং প্রশিক্ষণ ফি এর পরিমাণ প্রশিক্ষণ মডিউলের ভিত্তিতে নির্ধারণ করা হবে। আগ্রহী প্রার্থীদের Expression of Interest (EoI) এর জন্য নিম্নোক্ত ওয়েব ঠিকানায় রেজিস্ট্রেশন সম্পন্ন করতে হবে:

<https://forms.gle/Wfj1f6kaP1GUcRWHA>

Expression of Interest (EoI) তালিকায় নিবন্ধিত প্রার্থীদের ইমেইলযোগে প্রশিক্ষণ মডিউল, ফি এর পরিমাণ ইত্যাদি সহ চূড়ান্ত রেজিস্ট্রেশন সম্পন্ন করার অনুরোধ জানানো হবে।

৪। বর্ণিত অবস্থায়, এ প্রশিক্ষণের অংশগ্রহণে আগ্রহী প্রার্থীদের Expression of Interest (EoI) নিবন্ধন আগামী ২০ অক্টোবর ২০২০ খ্রি. তারিখের মধ্যে উল্লিখিত ওয়েব ঠিকানায় সম্পন্ন করণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২৭-৯-২০২০

মোঃ রাশেদুল আলম

সহকারী পরিচালক

ফোন: + ৮৮-০২-৫৫১১০৩৪০

ইমেইল: ad.solar@sreda.gov.bd

বিতরণ :

- ১) প্রেসিডেন্ট, বাংলাদেশ সোলার এন্ড রিনিউয়েবল এনার্জি এ্যাসোসিয়েশন, ৪৪৬/বি, তেজগাঁ ইন্ডাস্ট্রিয়াল এলাকা, ঢাকা-১২০৮ [সকল সদস্যদের অবহিতকরণের অনুরোধ সহ]
- ২) সভাপতি, সোলার মডিউল ম্যানুফেকচারার্স এসোসিয়েশন অফ বাংলাদেশ, ২৬০/বি (৬ষ্ঠ তলা), তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা [সকল সদস্যদের অবহিতকরণের অনুরোধ সহ]
- ৩) চেয়ারম্যান, বাংলাদেশ বায়োগ্যাস ডেভেলপমেন্ট ফাউন্ডেশন, বাড়ি - ৮, রোড - ১৪, ধানমন্ডি, ঢাকা - ১২০৯ [সকল সদস্যদের অবহিতকরণের অনুরোধ সহ]
- ৪) প্রতিষ্ঠান প্রধান, জাতীয় নবায়নযোগ্য জ্বালানি ডাটাবেইজের স্টেকহোল্ডার অংশে তথ্য প্রদানকৃত বেসরকারী প্রতিষ্ঠান সমূহ [ইমেইল যোগে] [আগ্রহী প্রার্থীদের অবহিতকরণের অনুরোধ সহ]

স্মারক নম্বর: ২৭.০২.০০০০.০৩১.২৫.০০১.২০.২২১৯/১(৫)

তারিখ: ১২ আশ্বিন ১৪২৭
২৭ সেপ্টেম্বর ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সদস্য, নবায়নযোগ্য জ্বালানি উইং, টেকসই ও নবায়নযোগ্য জ্বালানি উন্নয়ন কর্তৃপক্ষ (স্রেডা)
- ২) পরিচালক, পরিচালক (নবায়নযোগ্য জ্বালানি)-এর দপ্তর, টেকসই ও নবায়নযোগ্য জ্বালানি উন্নয়ন কর্তৃপক্ষ (স্রেডা)
- ৩) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, বিদ্যুৎ বিভাগ

- ৪) সহকারী পরিচালক, লজিস্টিক্স এন্ড প্রটোকল শাখা, টেকসই ও নবায়নযোগ্য জ্বালানি উন্নয়ন কর্তৃপক্ষ (শ্রেডা) [ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ সহ]
- ৫) প্রোগ্রাম এসোসিয়েট গ্রেড-১, চেয়ারম্যানের দপ্তর, টেকসই ও নবায়নযোগ্য জ্বালানি উন্নয়ন কর্তৃপক্ষ (শ্রেডা)



২৭-৯-২০২০

মোঃ রাশেদুল আলম
সহকারী পরিচালক